



কাজী রিয়াজুল হক

চেয়ারম্যান

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

(মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারক  
বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি সহ নিয়োগ প্রাপ্ত)

ডি.ও পত্র নং- এনএইচআরসিবি/

তারিখ: ০৬ অগ্রহায়ন ১৪২৫  
২০ নভেম্বর ২০১৮

প্রিয় প্রধান নির্বাচন কমিশনার,

আমার ছালাম ও শুভেচ্ছা নিন।

আপনি অবগত আছেন যে মানবাধিকার সুরক্ষা ও উন্নয়নের লক্ষ্যে ২০০৯ সালের আইন দ্বারা একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসাবে জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠালগ্ন থেকে কমিশন দেশে একটি মানবাধিকার সংস্কৃতি প্রতিষ্ঠার লক্ষ্যে নিরন্তর কাজ করে যাচ্ছে।

জাতীয় মানবাধিকার কমিশন আশা করে যে আসন্ন জাতীয় নির্বাচন স্বচ্ছ, সুষ্ঠু, অবাধ, অংশগ্রহণমূলক এবং শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হবে। ভোটদান প্রতিটি নাগরিকের মানবাধিকার। কিন্তু অতীতে কখনও কখনও স্বার্থাশেষী মহলের দ্বারা জনগণের ভোটাধিকার ব্যাহত হয়েছে এবং সংখ্যালঘু সম্প্রদায়সহ প্রান্তিক ও দুর্বল জনগোষ্ঠীর ওপর ব্যাপক সহিংসতা ও নির্যাতনের মাধ্যমে মানবাধিকার লঙ্ঘিত হয়েছে। তাই, পূর্ব- অভিজ্ঞতার আলোকে নির্বাচনকালীন মানবাধিকার সংরক্ষণ বিষয়ে সংশ্লিষ্ট সকলকেই অত্যন্ত সজাগ ও তৎপর থাকতে হবে। বিশেষ করে পিছিয়ে পড়া, দুর্বল, প্রান্তিক মানুষ, সংখ্যালঘু সম্প্রদায় সহ প্রতিটি ভোটারের ভোটাধিকার প্রয়োগ নিবিঘ্নকরণে নির্বাচনকালীন ও নির্বাচন পরবর্তী সময়ে নিরাপত্তা নিশ্চিত করা প্রয়োজন।


সেলক্ষ্যে জাতীয় মানবাধিকার কমিশন হতে নিম্নরূপ কতিপয় সুপারিশ প্রেরণ করছিঃ

- ১। ধর্ম-বর্ণ-গোত্র-ভাষা-লিঙ্গ-বিশ্ব নিবিশেষে সকল শ্রেণী-পেশার ভোটারগণ যাতে নিবিঘ্নে ভোটাধিকার প্রয়োগ করতে পারে তার সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নির্বাচনের পূর্বেই নিশ্চিত করতে হবে।
- ২। বিপন্ন, দুর্বল, প্রান্তিক ও ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায় এবং নারী ও তৃতীয় লিঙ্গের ভোটারগণ যাতে নিবিঘ্নে ভোটদান করতে পারে এবং নির্বাচন-পূর্ব হুমকি ও নির্বাচন-পরবর্তী সহিংসতার শিকার না হয় তা নিশ্চিত করতে হবে।
- ৩। ঝুঁকিপূর্ণ নির্বাচনী এলাকায় বিশেষ নজরদারি এবং প্রতিরোধমূলক ব্যবস্থা বহাল রাখতে হবে।
- ৪। কোথাও সাম্প্রদায়িক নির্যাতন বা যে কোন ধরনের মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটলে দ্রুত অপরাধীদের গ্রেফতার ও আইনের আওতায় আনতে হবে।

পরিশেষে, সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় আগামী জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে আয়োজনে আপনার সাফল্য কামনা করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার



কাজী রিয়াজুল হক

চেয়ারম্যান

জাতীয় মানবাধিকার কমিশন

জনাব কে.এম. নূরুল হদা  
প্রধান নির্বাচন কমিশনার  
বাংলাদেশ নির্বাচন কমিশন  
আগারগাঁও, ঢাকা।